

ইসলামী বিশ্ববিদ্যালয়ের হল খুলবে সোমবার, ক্লাস-পরীক্ষা শুরু ২৯ জুন

ইবি সংবাদদাতা

প্রকাশিত: ১৪:০১, ২৩ জুন ২০২৪; আপডেট: ১৪:১৬, ২৩ জুন ২০২৪



ইসলামী বিশ্ববিদ্যালয়।

গ্রীষ্মকালীন ও পবিত্র ঈদ-উল-আজহার ছুটি শেষে ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) আবাসিক হলসমূহ খুলছে আগামীকাল সোমবার (২৪ জুন)। এই দিন সকাল ১০টায় হলসমূহ খুলে দেওয়া হবে। এদিকে আগামী মঙ্গলবার (২৫ জুন) থেকে প্রশাসনিক কার্যক্রম চলবে। এছাড়া শনিবার (২৯ জুন) থেকে ক্লাস-পরীক্ষাসমূহ শুরু হবে।

এর আগে গত ৬ জুন থেকে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম বন্ধ ঘোষণা করা হয়। এছাড়া ১০ জুন সকাল ১০টায় আবাসিক হলসমূহ বন্ধ হয়।

রেজিস্ট্রার দফতর জানিয়েছে, একাডেমিক ক্যালেন্ডার অনুযায়ী ৮-২৬ জুন বিশ্ববিদ্যালয়ে একাডেমিক ও ৮-২৪ জুন প্রশাসনিক কার্যক্রম বন্ধ থাকবে। ২৭-২৮ জুন সাপ্তাহিক ছুটি থাকা ২৯ জুন থেকে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রম পুরোদমে চলবে।

